দৈনিক বাংলা

তারিখ 3 JAN 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 4 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষার হার বাড়াতে হবেঃ মওদুদ

মানিকগঞ্জ, ২২শে জানুয়ারী (বাসস)।—প্রধানমন্ত্রী জনাব মওদুদ আহমেদ আজ বলেন, শিক্ষার উচ্চতর হার কৃষি ও শিল্প উভয় খাতেই অধিকতর উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করবে।

প্রধানমন্ত্রী মানিকগঞ্জে বাংলাদেশ রুরাল এডভান্সমেন্ট কমিটি (ব্র্যাক) পরিচালিত অনানুষ্ঠানিক বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়, আয়েশা

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## মওদুদ

(প্রথম পৃঃ পর)

আবেদ একাডেমী ও সাভারে গণস্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন করেন।

গণস্বাস্থ্য কেন্দ্রের ব্যবস্থাপনা পরিচালক ডাঃ জাফরুল্লাহ চৌধুরী এবং ব্র্যাক-এর ব্যবস্থাপনা ডিরেক্টর জনাব এম ফজলে হাসান আবেদ এ সময়ে প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন।

জনাব মওদুদ আহমেদ বলেন, শিক্ষা ব্যতীত কোন উন্নয়ন কর্মসূচীর বাঞ্ছিত সুফল পাওয়া যায় না বলে সরকার শিক্ষিতের হার বৃদ্ধিতে দৃঢ় প্রতিজ্ঞ। তিনি বলেন, একটা সুষ্ঠু জাতি গড়তে হলে দেশের মানুষকে অবশ্যই মৌলিক ধরনের শিক্ষা দিতে হবে।

প্রধানমন্ত্রী বলেন ব্র্যাক ও গণস্বাস্থ্য কেন্দ্রের ন্যায় বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংগঠনকে জনসংখ্যা বিস্ফোরণ রোধ, শিক্ষিতের হার বৃদ্ধি, স্বেচ্ছা কর্মসংস্থান ব্যবস্থা গ্রহণ ও স্বাস্থ্য পরিচর্যা মূলক শিক্ষা প্রদানের মত কর্মসূচী বাস্তবায়নে বৃহত্তর ভূমিকা পালন করতে হবে।

জনাব মওদুদ আহমেদ উছাটিয় ও কান্দা-কান্দিতে অনানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় ঘুরে ফিরে দেখেন।

পরে তিনি বাটিক, নকশা তোলা, পোশাক তৈরির কাজের জন্য পল্লীর মহিলাদের প্রশিক্ষণ প্রদানের অপর একটি শিক্ষা প্রতিষ্ঠান আয়েশা আবেদ একাডেমীও পরিদর্শন করেন।